

শোকবার্তা

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)-এর গভর্নিং বডি'র তৃতীয় চেয়ারপার্সন, সাবেক অর্থ সচিব, মন্ত্রীপরিষদ সচিব, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও বীর মুক্তিযোদ্ধা ড. আকবর আলি খান গত ০৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ বৃহস্পতিবার অসুস্থ হয়ে পড়লে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে নেয়ার পথে রাত আনুমানিক ১০টা ৪০মিনিটে ইন্তেকাল করেন (ইমালিগ্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর।

সাবেক সিএসপি আকবর আলি খান বর্তমান হবিগঞ্জ জেলার মহকুমা প্রশাসক ছিলেন এবং যুদ্ধকালীন সময়ে সক্রিয়ভাবে মুজিব নগর সরকারের সাথে কাজ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে পড়াশোনা করেন। পরে তিনি কানাডার কুইন্স ইউনিভার্সিটি থেকে অর্থনীতিতে স্নাতক ও পিএইচডি ডিগ্রী অর্জন করেন। ১৯৭৩ সালে তিনি চাকরি ছেড়ে শিক্ষকতায় যোগদানের সিদ্ধান্ত নেন। তিনি তার পদত্যাগপত্র জমা দিলেও তৎকালীন প্রধানমন্ত্রী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তা গ্রহণ না করে তাকে শিক্ষকতা করার জন্য ছুটি মঞ্জুর করেন।

১৯৮৪ সালে তিনি সাভারের বিপিএটিসি-তে মেম্বার ডাইরেক্টিং স্টাফ হিসাবে যোগ দেন। ১৯৮৭ সালের পূর্ব পর্যন্ত তিনি পল্লী উন্নয়ন বোর্ড, পানি সম্পদ মন্ত্রণালয় এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে কাজ করেন। তিনি অর্থ মন্ত্রণালয়ের ব্যাংকিং বিভাগে অতিরিক্ত সচিব পদে যোগ দিয়েছিলেন। ১৯৯৩ সালে তিনি জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন। ১৯৯৬ সালে তিনি অর্থ সচিব হন। তার অর্থনীতি, ইতিহাস, সমাজবিদ্যা, সাহিত্য ও বিভিন্ন বিষয়ে গবেষণামূলক বই ব্যাপকভাবে সমাদৃত হয়।

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) প্রতিষ্ঠায় বীর মুক্তিযোদ্ধা ও প্রাক্তন মন্ত্রীপরিষদ সচিব ড. আকবর আলি খান-এর অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। এসডিএফ-এর জেনারেল বডি, বোর্ড অব ডিরেক্টরস-এর সম্মানিত সকল সদস্য এবং সকল কর্মকর্তা ও কর্মচারী চিরকাল তাঁকে শ্রদ্ধার সাথে স্মরণ করবেন। সর্বশক্তিমান আল্লাহর কাছে প্রার্থনা যেন তাঁকে জান্নাতের উচ্চ মাকাম মঞ্জুর করেন।

মো: আবদুস সামাদ
সিনিয়র সচিব (অব:)
ও
চেয়ারপার্সন
বোর্ড অব ডিরেক্টরস, এসডিএফ।